



# জাতীয় বিশ্ববিদ্যালয়

বাংলাদেশ

সূত্র: জাতীয়বিঃ/প্রশিক্ষণ/সিইডিপি/বিডিপ্র/আইসিটি/সক্ষমতা/২৭/২০২১/৩৭১ ৬

তারিখ: ০১/০৮/২০২৩

## কলেজ শিক্ষকগণের বিষয়ভিত্তিক অনলাইন প্রশিক্ষণ সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি

কলেজ এডুকেশন ডেভেলপমেন্ট প্রজেক্ট (সিইডিপি)-র আওতায় জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক পরিচালিত বিষয়ভিত্তিক শিক্ষক প্রশিক্ষণ কার্যক্রম কোভিড-১৯ বিশেষ পরিস্থিতিতে অনলাইনে আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। সিইডিপি-৩৩তম (অনলাইন-২১) ব্যাচে রাষ্ট্রবিজ্ঞান, অর্থনীতি, সমাজবিজ্ঞান ও দর্শন এবং সিইডিপি-৩৪তম (অনলাইন-২২) ব্যাচে ব্যবস্থাপনা, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, ইসলামিক স্টাডিজ ও বাংলা বিষয়ের প্রশিক্ষণ ২০২৩ সালের সেপ্টেম্বর মাসে অনুষ্ঠিত হবে। অনলাইনে অনুষ্ঠিতব্য এই প্রশিক্ষণ কার্যক্রম ও সফলভাবে সম্পন্নের নিমিত্তে সম্ভাব্য প্রশিক্ষণার্থীদের আইসিটি সক্ষমতা যাচাই এর উদ্যোগ গ্রহণ করা হয়েছে। আইসিটি সক্ষমতা যাচাই এর জন্য একটি প্রশ্নমালা জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে দেয়া আছে। অনলাইন প্রশিক্ষণে মনোনয়ন প্রত্যাশী স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর কলেজ পর্যায়ে পাঠদানকারী শিক্ষকগণকে উক্ত প্রশ্নমালা সঠিকভাবে পূরণ করে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

\*\* আইসিটি সক্ষমতা বিষয়ক তথ্য প্রেরণের সময়সীমা: ০১/০৮/২০২৩ থেকে ১২/০৮/২০২৩।

\*\* সার্ভার/নেটওয়ার্ক জটিলতা এড়াতে যত দূর সম্ভব আইসিটি সক্ষমতা বিষয়ক প্রশ্নমালা পূরণ করার জন্য অনুরোধ করা হলো।

\*\* ইতোপূর্বে যারা সিইডিপি-৩৩ ব্যাচের বিষয়গুলোতে আবেদন করেছেন; তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

নির্দেশক্রমে,

*(স্বাক্ষর)*  
০১/০৮/২০২৩

(মো: হাছানুর রহমান)

পরিচালক

শিক্ষক প্রশিক্ষণ দপ্তর

জাতীয় বিশ্ববিদ্যালয়

শিক্ষক প্রশিক্ষণ অফিসিয়াল ফেসবুক পেজ: <http://www.facebook.com/ttubdOfficial>

শিক্ষক প্রশিক্ষণ (টিটিআইএস) তথ্যসেবা (অফিস সময়-হোয়াটসঅ্যাপ টেক্সট): ০১৯১৫৭২৬৫৭৬, ইমেইল : ttis@nu.ac.bd

### প্রশ্নমালা পূরণ (আইসিটি সার্ভে)/ আবেদন Submit করার নিয়মাবলী:

ইতোমধ্যে যে সকল শিক্ষক প্রশিক্ষণের জন্য ব্যবহৃত অনলাইন ডাটাবেজ TTIS-এ আইডি তৈরি করেছেন, তারা জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট-[www.nu.ac.bd](http://www.nu.ac.bd) এর TRAINING মেন্যুর TTIS-Teachers Training Information System ডাটাবেজ-এ রেজিস্ট্রেশনকৃত TTIS College User Log in (কলেজ ইউজার নেম ও পাসওয়ার্ড ব্যবহার) করে TTIS ডাটাবেজ এ প্রবেশ করে Training Application Panel মেন্যুর মধ্যে Application Page সাব-মেন্যু ব্যবহার করে আবেদন প্রেরণ করার পূর্বে অবশ্যই অধ্যক্ষ/উপাধ্যক্ষ মহোদয় এর মাধ্যমে মৌখিক অনুমোদন সাপেক্ষে প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য প্রার্থীতা নিশ্চিতকরণের প্রশ্নমালা/আবেদন Submit (প্রেরণ) করতে অনুরোধ করা যাচ্ছে। Accept আইডিধারী শিক্ষকগণই কেবল আবেদন করতে পারবেন, যাদের তথ্য Deny (No Academic Info.) আছে; তারা দ্রুত তাদের স্ব স্ব TTIS প্রোফাইল-এর একাডেমিক তথ্য আপডেট করার পর TTIS সফটওয়্যার লগইন পেজে উল্লিখিত হেল্পলাইন হোয়াটসঅ্যাপ নম্বরে (০১৯১৫৭২৬৫৭৬) বিস্তারিত টেক্সট অথবা হেল্পলাইন মেইলে (ttis@nu.ac.bd) বিস্তারিত মেইল করলে ফিরতি বার্তায়/মেইলে আপনাকে অবহিত/নিশ্চিত করা হবে।

(বি.দ্র.: সার্ভে প্রশ্নমালার উত্তর একবারই প্রেরণ করতে পারবেন, একাধিকবার সাবমিট/মোডিফাই করার সুযোগ নেই)

### আইসিটি সক্ষমতা যাচাই লিংক:

TTIS LOGIN PAGE QUICK LINK: SCAN QR CODE

and

NU WEBSITE LINK/URL: <https://www.nu.ac.bd>

সূত্র: জাতীয়বিঃ/প্রশিক্ষণ/সিইডিপি/বিডিপ্র/আইসিটি/সক্ষমতা/২৭/২০২১/৩৭১ ৬

তারিখ: ০১/০৮/২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. পরিচালক, তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় (বিজ্ঞপ্তিটি জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)
২. উপ-রেজিস্ট্রার ও সচিব, ভাইস চ্যান্সেলর-এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৩. সহকারী রেজিস্ট্রার, রেজিস্ট্রার-এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৪. অফিস কপি



SCAN THIS CODE :  
OFFICIAL FACEBOOK  
TEACHERS TRAINING FANPAGE

LIKE FANPAGE  
&  
QUICK LOGIN  
TTIS



SCAN THIS CODE :  
TTIS-TEACHERS TRAINING INFORMATION  
SYSTEM LOGIN PAGE

*(স্বাক্ষর)*  
০১/০৮/২৩

উপ-পরিচালক

শিক্ষক প্রশিক্ষণ দপ্তর

জাতীয় বিশ্ববিদ্যালয়